



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

“কৃষি ভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।  
(নির্মাণ বিভাগ)

স্মারক নং: ১২.০৬.০০০০.২৫৫.৯৯.০১৯.২৩-২৬৮


তারিখঃ ০২ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

## ঠিকাদারি প্রতিষ্ঠান নতুন তালিকাভুক্তি/নবায়ন এর সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাস্তব অবস্থার প্রেক্ষিতে, যে সকল আগ্রহী ঠিকাদার অদ্যাবধি বিএডিসি নির্মাণ বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের ঠিকাদারি প্রতিষ্ঠান নতুন তালিকাভুক্তি/নবায়ন ফর্ম সংগ্রহ ও জমা প্রদান করেননি, তাদের সুবিধার্থে ঠিকাদারি প্রতিষ্ঠানসমূহের নতুন তালিকাভুক্তি/নবায়ন ফর্ম সংগ্রহ, পূরণকৃত ফর্ম জমা প্রদান এবং এ সংক্রান্ত সকল ফি জমাদানের সময়সীমা নিম্ন বর্ণিত হারে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রি. বিকাল ০৫-০০ ঘটিকা পর্যন্ত বর্ধিত করা হলো।


- ক) নতুন ঠিকাদার তালিকাভুক্তি ফি ৫,০০০/- + ভ্যাট ১৫% এবং জরিমানা ২,০০০/-  
খ) তালিকাভুক্তি নবায়ন ফি ২,০০০/- + ভ্যাট ১৫% এবং জরিমানা ২,০০০/-

সম্মানিত ঠিকাদারগণকে নতুন তালিকাভুক্তি/ তালিকাভুক্তি নবায়ন ফর্ম যথাযথভাবে পূরণ করতঃ ফর্ম ও নির্ধারিত ফি এবং জরিমানা আবশ্যিকভাবে সংশ্লিষ্ট বিএডিসি রিজিয়ন অফিস অথবা নির্মাণ বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকায় আগামী ৩১ ডিসেম্বর, ২০২৪ বিকাল ০৫-০০ ঘটিকার মধ্যে জমা দেয়া ও সকল ফি জমা দেয়ার রশিদ সযত্নে সংরক্ষণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

  
02.12.2024  
(মুহাম্মদ বদরুল আলম)  
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
নির্মাণ বিভাগ  
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

### অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী (স্কুদ্রসেচ/সওকা), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২. জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৩. ~~কর্মকর্তা~~ প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সদস্য পরিচালক (স্কুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

প্রধান (মনিটরিং), বিএডিসি	
<input type="checkbox"/> যুগ্ম	<input checked="" type="checkbox"/> ব্যবস্থাপক
<input type="checkbox"/> উপ-১/২	<input checked="" type="checkbox"/> প্রোগ্রামার
<input type="checkbox"/> সপ্রক-১/২	<input type="checkbox"/> সব্যক-১/২/৩
অন্যান্য :	
ডায়েরী নং: ১১২২	
তারিখ: ২১/১২/২৪	
	
প্রধান (মনিটরিং)	